



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

রসায়ন বিভাগের উদ্যোগে এলামনাই এসোসিয়েশনের প্রথম পুনর্মিলনী- ২০১৭



২৪ নভেম্বর-২০১৭, শুক্রবার, সকাল:৯টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের উদ্যোগে এলামনাই এসোসিয়েশনের প্রথম পুনর্মিলনী-২০১৭ দিনব্যাপি অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। পুনর্মিলনী অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উদ্বোধন করেন ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম হুঁইয়া।

রসায়ন বিভাগের এলামনাই এসোসিয়েশনের মীর মাহবুব হাসান এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ সৈয়দ আলম, অধ্যাপক ড. মোঃ শাহজাহান, অধ্যাপক ড. শামছুন নাহার। এছাড়াও স্বাগত বক্তব্য প্রদান করেন এলামনাই এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোঃ সালাহউদ্দিন কাদের চৌধুরী। এলামনাই এসোসিয়েশনের উপদেষ্টা ও রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবুল কালাম মোঃ লুৎফুর রহমান এবং সহযোগী অধ্যাপক ড. মোঃ আমিনুল হকসহ বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, অনুষ্ঠান শেষে উপাচার্য মহোদয়ের নেতৃত্বে একটি আনন্দ র্যালী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবন প্রদক্ষিণ করে।